অংশাদিতে হীন করিবে। তাহার পর উহাতে দেশান্তর কলাহীন করিলে শুদ্ধদিনাদি হইবে। ঐদিনকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিয়া শেষ অঙ্ক দ্বারা অংশাদি সংস্থাপন করণানন্তর লব্ধাঙ্ককে ১২ দ্বাদশ দিয়া হরণ করিয়া লব্ধ অঙ্ক পরিত্যাগ করিবে। শেষ অঙ্ক দ্বারা রাশি নির্ণয় হইবে। তৎপরে ঐ রাশ্যাদিতে রবির ক্ষেপ যোগ করিলে রবি বুধ ও শুক্রের মধ্য রাশ্যাদি নিশ্চয় হইবে।

দিনং ত্রি-৩ নিঘ্নং ঘন-১৭ ভাগযুক্তং
সাশা-১০ ঘ্নযগ্রং বিধুরংশকাদি।
বিষত্রখেন্দ্রাংশ-১৪০ কলঃ সলিপ্তঃ
কষ্টা-৮১ হতাব্দাৎ খখভূরসা-৬১০০ হৈপ্তঃ॥
চং ক্ষেপঃ ৫।১৬।৫৩।৫২।২৩। চন্দ্রমধ্যম্।

দিনবৃন্দকে তিন দিয়া পূরণ করিয়া দুই স্থলে রাখিবে। একটিকে ১৭ সপ্তদশ দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, ঐ লব্ধাঙ্ক ঐ ত্রিগুণিত দিনবৃন্দে যুক্ত করিতে হইবে। পুনরায় দিনবৃন্দকে ১০ দশ দিয়া গুণ করিয়া উহাতে যোগ করিলে চন্দ্রের অংশাদি হইবে। পুনর্ব্বার একশত চল্লিশ ১৪০ দ্বারা দিনবৃন্দকে ভাগ দিয়া যে কলা প্রভৃতি লাভ হইবে, তাহা পূর্ব্ব স্থাপিত অংশাদিতে হীন করিবে। তৎ-পরে অব্দপিণ্ডকে ৮১ একাশী দ্বারা গুণ করিয়া ছয় হাজার একশত ৬১০০ দ্বারা ভাগ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা যোগ করিয়া শুদ্ধ দিনাদি জানিবে। ঐ দিনকে ত্রিশ ৩০ দিয়া ভাগ করিলে যাহা শেষ থাকিবে, তাহা দিন এবং লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা হরণ করিলে যাহা শেষ থাকিবে, তাহা রাশি। ঐ রাশ্যাদিতে দেশান্তর কলা ৩৩।৪৭।৮ হীন করণানন্তর রাশ্যাদিতে ক্ষেপ যোগাইলে চন্দ্রমধ্য রাশ্যাদি হইবে।

বিশ্ব-১৩ ঘ্নযগ্রং খনখাংশ-২০০ যুক্তং
দিনাব্দভঃখাব্ধিরদাংশ-৩২৪০০ হীনম্।
ভাগাদি কেন্দ্রং নগভূ-১৭ হতাব্দাৎ
খাগ্ন্যদ্রিসপ্তাপ্ত-৭৭৩০ কলাদ্যমিন্দোঃ।
কেন্দ্রক্ষেপঃ ১১।১৯।৪০।২৫।৪৮ চন্দ্রকেন্দ্রম্।

দিনবৃন্দকে ১৩ ত্রয়োদশ দিয়া পূরণ করিয়া দুই স্থানে সংস্থাপন করণানন্তর একটীকে ২০০ দুই শত দ্বারা ভাগ দিয়া যাহা লব্ধ হইবে, তাহা অপর ত্রয়োদশগুণিত দিন-বৃন্দে যুক্ত করিবে। পুনরায় বত্রিশ হাজার চারিশত দ্বারা দিনবৃন্দকে হরণ করিলে যে অঙ্ক লব্ধ হইবে ঐ অঙ্ক, পূর্ব্ব স্থাপিত দিনবৃন্দে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ভাগাদি কেন্দ্র নামে বিখ্যাত। তৎপরে অব্দপিণ্ডকে ১৭ সপ্তদশ দ্বারা গুণ করিয়া সাত হাজার সাতশত ত্রিশ ৭৭৩০ দিয়া হরণ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা উহাতে যোগ করিয়া, দেশান্তর কলা ৩৩।৩০ হীন করিলে চন্দ্র কেন্দ্রের শুদ্ধ দিনাদি হইবে। পরে ঐ দিন-সমূহকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাকে দ্বাদশ দিয়া হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা রাশি। এই ক্রম অনুসারে চন্দ্র কেন্দ্রে রাশি অংশ কলা বিকলাদি সংস্থাপন করিয়া তাহাতে চন্দ্রকেন্দ্রক্ষেপ রাশ্যাদি সংযুক্ত করিলে চন্দ্রকেন্দ্রের শুদ্ধ রাশ্যাদি হইবে।

দিনং যমা-২ গুং নখ-২০ ভাগযুক্তং
দিনাব্ধখাশাংশ-১০২০ বিযুক্ কুজঃ স্যাৎ।
অংশাদিরব্দাদ্দশগুণিতাৎ খচন্দ্রে-১০
নেত্রাঙ্কগোভূ-১৯৯২ হৃতলিপ্তিকোনঃ॥
মং ক্ষেপঃ-৭।১০।১৩।৮।৫০। মংমধ্যম্।

দিনবৃন্দকে দুই দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হয়, তাহাতে, দিনবৃন্দকে কুড়িদ্বারা হরণ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা যোগ করিবে। পুনর্ব্বার দিনবৃন্দকে এক-হাজার কুড়ি দ্বারা বিভক্ত করিয়া লব্ধ ফল তাহা হইতে বিয়োগ করিয়া অবশিষ্ট যাহা থাকিবে, তাহা কুজাংশাদি জানিবে। পরে অব্দপিণ্ডকে দশ দিয়া পূরণ করিয়া ১৯৯২ এক হাজার নয় শত বিরানব্বই দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা স্থাপিত কুজাংশেতে কলাদি হীন করিয়া তাহা হইতে দেশান্তর ১।২১ কলা পরিত্যাগ করিবে। পরে দিনসমূহকে ত্রিশ দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা ভাগাবশেষিত রাশ্যাদিতে ক্ষেপরাশ্যাদি ৭।১০।১৩।৮।৫০ যোগ করিলে কুজ মধ্য রাশ্যাদি প্রকাশ পাইবে।

অথ বুধশীঘ্রানয়নম্।

দিনং রবিঘ্নং ১২ খণ্ডপেন্দুলব্ধং
১৩০তথাজশীঘ্রং সযুগঘ্নঘস্রম্।
দিনাদ্দিগষ্ট্যাপ্ত ১৬১০ কলাঢ্যমব্দাৎ
খথাভ্রবিশাপ্ত ১৩০০০ বিলিপ্তিকাঢ্যম্॥
বুধশীঘ্রক্ষেপঃ ৭।১১।৫৫।৩৩।

অথ বুধশীঘ্রানয়ন।

দ্বাদশপূরিত দিনবৃন্দ একশত ত্রিশ দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক সংস্থাপনানন্তর চারি দ্বারা পূরিত দিনবৃন্দ তাহাতে সংযুক্ত করিবে। পুনরায় এক হাজার ছয় শত দশ দিয়া দিনবৃন্দকে ভাগ করিয়া যে কলাদি লাভ হইবে। তাহা উহাতে যোগ করিবে। তৎপরে, অব্দপিণ্ডকে ত্রয়োদশ সহস্র দ্বারা ভাগ করিলে যে বিকলাদি লাভ হইবে, তাহাও তাহাতে সংযুক্ত করিলে শুদ্ধ দিনাদি হইবে। পরেদিনগ-ণকে ত্রিশ দিয়া হরণ করিলে যাহা শেষ থাকিবে, তাহা অংশ। লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা হরণ করিয়া শেষ দ্বারা রাশি সংস্থাপন করিয়া তাহাতে ক্ষেপ রাশ্যাদি ৭।১১।৫৫।৩৩ যোগ করিলে বুধশীঘ্ররাশ্যাদি স্থিরীকৃত হইবে।

অথ গুরুমধ্যানয়নম্।

দ্বিনিঘ্নঘস্রং ত্রিখসপ্ত ৭০৩ লব্ধহীনাদ্দিনাদ্দ্বাদশলব্ধমিজ্যঃ।
অংশাদিরব্দাগ্নিগমেন ৪ নিঘ্নাৎ খাগাভ্রনেত্রা-২০৭০প্ত কলান্বিতশ্চ॥
বৃক্ষেপঃ ৬।২৯।৫০।৪৮।৯॥ বৃ মধ্যম্॥

অথ গুরুমধ্যানয়ন।

দিনবৃন্দকে দুই দিয়া গুণ করিয়া সাত শত তিন দিয়া ভাগ করিলে যে ফল লব্ধ হয়, ঐ ফল দ্বিপূরিত দিনবৃন্দে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে দ্বাদশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধাঙ্ক হইবে, তাহা বৃহস্পতির অং-শাদি বলিয়া বিখ্যাত। তৎপরে অব্দপিণ্ডকে চারি দিয়া পূরণ করিয়া, দুই হাজার সত্তর ২০৭০ দিয়া ভাগ করিলে যে কলাদি লাভ হইবে, তাহা পূর্ব্বস্থাপিত অংশাদির কলাদিতে যোগ করিয়া দেশান্তর পল ১৩।০ হীন করিলে বৃহস্পতির শুদ্ধ অংশাদি হইবে। তদনন্তর দিনগণকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা শেষথাকিবে, তাহা অংশ, এবং লব্ধাঙ্ককে দ্বাদশ দ্বারা হরণ করিলে যাহা অবশেষ থাকিবে তাহা রাশি এই প্রকারে রাশ্যাদি সংস্থাপন করিয়া তাহাতে ক্ষেপাঙ্ক ৬।২৯।৫০।৪৮।৯। যোগ করিলে বৃহস্পতির মধ্য রাশ্যাদি হইবে।

অথ শুক্র শীঘ্রানয়নম্।

দিনং শত ১০০ ঘ্নং খদিনাংশ ১৫০ হীনং
পক্ষর্ত্তু ৬২ লব্ধং কবিশীঘ্রভাগাঃ।
অথাব্দপিণ্ডাদ্রসষট্কনিঘ্নাৎ ৬৬
ভশৈল ৭২৭ লব্ধেন কলাদিনোনাঃ।
শুক্র শীঘ্রক্ষেপঃ ০।২৫।৪০।২৯।৩০। শুশীঘ্রম্।

অথ শুক্র শীঘ্রানয়ন।

এক শত গুণিত দিনবৃন্দকে দুই স্থলে স্থাপন করিবে। পরে একটিকে দেড় শত ১৫০ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহা অপরটি হইতে হীন করিবে। পরে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ৬২ বাষট্টি দ্বারা হরণ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, ঐ অঙ্ক শুক্র শীঘ্রের অংশাদি বলিয়া পরিগণিত হইয়া থাকে। তৎপরে অব্দপিণ্ডকে ছয়ষট্টি ৬৬ দিয়া পূরণ করিয়া সাত শত সাতাইশ দিয়া ভাগ করিলে যে কলাদি লাভ হইবে, তাহা পূর্ব্বস্থিতঅংশাদির কলাদিতে হীন করিবে, এবং তাহাতে দেশান্তর কলা ৪।৬ হীন করিলে শুক্র-শীঘ্রের শুদ্ধ দিনাদি হইবে। পরে দিনকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে যে মাস লব্ধ হয়, তাহাকে দ্বাদশ দ্বারা হরণ করিয়া শেষ রাশি মাসশেষ অংশ ইত্যাদি ক্রমে রাশ্যাদি সংস্থাপন করিয়া পরে তাহাতে ক্ষেপ ০।২৫। ৪০।২৯।৩৪ যোগ করিলে শুক্রশীঘ্রের রাশ্যাদি নিশ্চয় হইবে।

অথ শনিমধ্যানয়নম্।

মন্দোহ্যবৃন্দাৎ খগুণৈ ৩০ র্বিভক্তঃ
সবাণচন্দ্রাগ্নিলবেন ৩১৫ যুক্তঃ।
অংশাদিরব্দাগ্নিনয়নেন ২ নিঘ্নাৎ
ভূনন্দবাণোদ্ধৃত ৫৯১ লিপ্তি- কাঢ্যঃ॥
শনিক্ষেপঃ ২।৮।১।৫।৪৫॥ শনিমধ্যম্॥

অথ শনি মধ্যানয়ন।

দিনবৃন্দকে ত্রিশ দিয়া হরণ করিয়া লব্ধাঙ্ক দুই স্থলে সংস্থাপন করিবে। পরে একটিকে তিন শত পোনর ৩১৫ দ্বারা ভাগ করিলে যে অঙ্ক লব্ধ হইবে, তাহা পূর্ব্বস্থাপিত অঙ্কে যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা শনিমধ্যের অংশাদি বলিয়া বিখ্যাত। পরে দ্বিগুণিত অব্দপিণ্ডকে পাঁচশত একানব্বই ৫৯১ দ্বারা ভাগ করিয়া লব্ধ কলাদি তাহাতে যোগ করিয়া পরে দেশান্তর পল হীন করিলে শুদ্ধ দিনাদি হইবে। তৎপরে পূর্ব্বের ন্যায় দিনাদি ৩০ ত্রিশ এবং দ্বাদশ দ্বারা হরণ করিয়া শেষে রাশ্যাদি সংস্থাপন করিয়া ক্ষেপাঙ্ক ২।৮।১।৫।৪৫ যোগ করিলে শনিমধ্যের রাশ্যাদি স্থির হইবে।

অথ রাহুমধ্যানয়নম্।

দিনং নখাপ্ত ২০ ত্রি ৩ হতদ্যুবৃন্দাৎ
বাণাভ্রদিক্ ১০০৫ লব্ধযুগং শকাদ্যম্।
রসাহতাব্দাৎ কুযমাব্ধি ৪২১ লব্ধ-
লিপ্তাযুতোঽগুর্ব্বিপরীতগত্যা॥
রাহুক্ষেপঃ ৮।২৬।৩০।৪১।১৫।

অথ রাহুমাধ্যনয়ন।

দিনবৃন্দকে কুড়ি দিয়া ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহা এক স্থানে সংস্থাপন করিয়া পুনর্ব্বার দিনবৃন্দকে তিন দ্বারা পূরণ করিয়া একহাজার পাঁচ দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক পূর্ব্ব স্থাপিতাঙ্কে যোগ করিলে রাহু মধ্যের অংশাদি হইবে। তৎপরে অব্দপিণ্ড ছয় দ্বারা পূরণ করিয়া চারি শত একুশ দিয়া ভাগ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা পূর্ব্বাঙ্কে যোগ করিয়া দেশান্তর পল বিপল ৮।৯ হীন করিলে রাহুর শুদ্ধ দিনাদি নিশ্চয় হইবে। পরে দিনসমূহকে ত্রিশ দিয়া ভাগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহা অংশ এবং লব্ধাঙ্ক দ্বাদশ দ্বারা ভাগ করিয়া যাহা শেষ, তাহা রাশি সংস্থাপিত করিয়া রাহুর ক্ষেপাঙ্ক ৮।২৬।৩০।৪১।১৫ যোগ করিলে রাহুমধ্যের রাশ্যাদি স্থির হইবে। ইতি রাহুমধ্যম্।

অথ রাহুস্ফুটসাধনম্।

রাহুঃ সদা বক্রগতিঃ স্ফুটঃ স্যা-
চ্চক্রাচ্চ্যুতঃ ষড়্ভযুতশ্চ কেতুঃ।
ইতি রাহুকেতুস্ফুটৌ।

অথ রাহুস্ফুট সাধন।

রাহু সর্ব্বদা বক্রগতি, একারণ রাহুমধ্য রাশ্যাদি, চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই রাহুর স্ফুট বলিয়া বিখ্যাত হয় এবং তাহাতে ছয় রাশি যোগ করিলে কেতুর স্ফুট হইবে।

অথ ভুক্তিকথনম্।

এবং প্রকারেণ দিনৈক মধ্যং শীঘ্রং ভবেদ্যৎ খলু সৈব ভুক্তিঃ॥

অথ ভুক্তি কথন।

উক্ত প্রকারে গ্রহদিগের মধ্যশীঘ্র সাধন করিলে এক দিনের যে মধ্যশীঘ্র হইবে, তাহাই ভুক্তি নামে প্রসিদ্ধ।

অথ গ্রহণাং ভুক্তি কলাদি।

রবেভুর্ক্তি কলা ৫৯।৮।১০। চন্দ্রস্য ৭৯০।৩৪।৫২। চন্দ্রকেন্দ্রস্য ৭৮৩।৫৩।৫৩। কুজস্য ৩১।২৬।২৮। বুধশীঘ্রস্য ২৪৫।৩২।২১। গুরোঃ ৪।৫৯।৯। শুক্রশীঘ্রস্য ৯৬।৭।৪৪। শনেঃ ২।০।২৩। রাহোঃ ৩।১০।৪৫॥

অথ গ্রহদিগের ভুক্তি কলাদি।

রবির ভুক্তি কলাদি ৫৯।৮।১০। চন্দ্রের ৭৯০।৩৪।৫২। চন্দ্রকেন্দ্রের ৭৮৩।৫৩।৫৩ মঙ্গলের ৩১।২৬।২৮। বুধশীঘ্রের ২৪৫।৩২।২১ বৃহস্পতির ৪।৫৯।৯। শুক্রশীঘ্রের ৯৬।৭।৪৪। শনির ২।০।২৩। রাহুর ৩।১০।৪৫ এই সমস্ত অঙ্ক গ্রহদিগের দৈনিক ভুক্তি বলিয়া বিখ্যাত হয়।

অথ বীজানয়নং।

কল্যব্দপিণ্ডা ত্রিসহস্রলব্ধং
ভাগাদিবীজং ধনমিন্দুকেন্দ্রে।
ত্রিঘ্নং শনৌ বেদহৃতং বুধোচ্চে
ত্রিঘ্নিশিজ্যাক্ষুজিতোর্ব্বিশোধ্যং॥

অথ বীজানয়ন।

অধুনা বীজানয়ন কথিত হইতেছে। কল্যব্দপিণ্ডকে

তিন হাজার দিয়া ভাগ করিলে যে ভাগ ফল লব্ধ হয়, তাহা ভাগাদি বীজ নামে বিখ্যাত এবং উহাকেই বীজাংশাদি কহে। ঐ বীজাংশাদি চন্দ্র কেন্দ্রে যোগ করিতে হইবে এবং ঐ বীজাংশ তিন দিয়া গুণ করিয়া শনির মধ্য ভুক্তিতে এবং উহা চতুর্গুণ করিয়া বুধের শীঘ্র ভুক্তিতে যোগ করিবে। উক্ত বীজাংশ দ্বিগুণিত করিয়া বৃহস্পতির মধ্য ভুক্তিতে এবং ত্রিগুণিত বীজাংশ, শুক্রের শীঘ্র ভুক্তিতে হীন করিলে উহাদিগের মধ্য ও শীঘ্র বীজশুদ্ধ বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

অথ সূর্য্যাদীনাং ক্ষেপাঙ্কস্য জন্ম।

সূর্য্যস্য ভূধর্ত্ত্ গজাষ্ট সূর্য্যাঃ ১২৮৮৬০১
চন্দ্রস্য দস্রাষ্টখশূন্যতর্কাঃ ৬০০৮৩২
কেন্দ্রস্য ষড়ব্যষ্টগজেষুসূর্য্যাঃ ১২৫৮৮২৬
রাহোঃ কুবেদাব্ধিনবেষুনন্দাঃ ৯৫৯৪৪১
ভৌমস্য গোহষ্টাদ্রিযমাঙ্কশৈলাঃ ৭৯২৭৮৯
জ্ঞোচ্চস্য দেবাঙ্কগজাঙ্কশৈলাঃ ৭৯৮৯৩৩
গুরোর্গজাব্ধ্যব্ধিশরেষুশৈলাঃ ৭৫৫৪৪৮
কবেঃ খরামাম্বুধিনেত্রনন্দাঃ ৯২৪৩০
শনেরসষ্টযুগাব্ধিপক্ষাঃ ২৪৪৮৬৬
ক্ষেপাবিলিপ্তা ইহ তৈষু দেয়াঃ।
তদার্দ্ধরাত্রে ক্ষিতিমধ্যসূত্রে
শ্রীসূর্য্যসিদ্ধান্তসমা ইমে স্যুঃ।

অথ সূর্য্যাদি গ্রহের ক্ষেপাঙ্কের উৎপত্তি।

পূর্ব্বে যে সমস্ত ক্ষেপাঙ্ক রব্যাদি গ্রহের মধ্যভুক্তি ও শীঘ্রভুক্তিতে যোগ করা হইয়াছে। ঐ ক্ষেপাঙ্কের উৎপত্তি কহিতেছেন। ১২৮৮৬০১এই অঙ্ককে ষষ্টি দ্বারা হরণ করিয়া পুনরায় ঐ লব্ধ অঙ্ককেও ষষ্টি দিয়া ভাগ করিয়া যাহা লব্ধ হইবে। তাহাকে ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে এবং শেষ অঙ্ক যাহা থাকিবে, তাহাতে পূর্ব্বোক্ত রবির ক্ষেপাঙ্ক হইবে। এই রূপ চন্দ্রের ৬০০৮৩২ এই অঙ্ককে দুই বার ষষ্টি দিয়া হরণ করিয়া লব্ধ অঙ্ক ত্রিশ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার দ্বারা ক্ষেপাঙ্কের রাশি শেষ অঙ্ক দ্বারা অংশাদি নির্দ্দিষ্ট হয়। এইরূপ অন্যান্য গ্রহের যে সমস্ত অঙ্ক লিখিত হইতেছে, ঐ সমুদয়ের ঐরূপ প্রক্রিয়া দ্বারা ক্রমে গ্রহদিগের ক্ষেপাঙ্কের উৎপত্তি জানিবে। চন্দ্রকেন্দ্রের ১২৫৮৮২৬ রাহু মধ্যের ৯৫৯৪৪১ কুজ মধ্যের ৭৯২৭৮৯ বুধ শীঘ্রের ৭৯৮৯৩৩ বৃহস্পতির ৭৫৫৪৪৮ শুক্র শীঘ্রের ৯২৪৩০ শনির ২৪৪৮৬৬। রব্যাদি গ্রহের এই যে সমস্ত অঙ্ক উক্ত হইল, এই সমুদায় অঙ্ক প্রথম ৬০ ষাট দিয়া তৎপরে ৬০ ষাট দিয়া তৎপরে ত্রিশ দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হইবে, এবং শেষ থাকিবে, তাহার দ্বারা ক্ষেপরাশ্যাদি নিশ্চয় হইবে। ত্রিশ দিয়া হরণদ্বারা লব্ধ রাশি শেষ অংশ, এবং ষাট দিয়া হরণ শেষে কলাদি জানিবে। যদি কোন স্থলে উক্ত সকল অঙ্ক ভাগ করিলে গ্রহদিগের ক্ষেপাঙ্কের সহিত কোন অনৈক্য হয়, তাহা হইলে এই রূপে বিবেচ্য যে পূর্ব্বোক্ত যে সকল ক্ষেপ আছে, তাহারা সূক্ষ্ম মতে গণনা আছে। গ্রন্থকার এখানে যে অঙ্ক নির্দ্দিষ্ট করিয়াছেন. তাহা শ্লোকের ছন্দোনুরোধে বা জ্যোতিষশাস্ত্রে অর্দ্ধাতিরিক্তে একাঙ্কের গ্রহণ, অর্দ্ধন্যূনে তাহার পরিত্যাগ করা প্রসিদ্ধ আছে। তদনুসারেই সমাধা করিয়া কোন অঙ্কে কিঞ্চিৎ ত্যাগ বা কোন স্থলে কিঞ্চিৎ অধিক গ্রহণ করিয়া উক্ত অঙ্ক সমস্ত হইতে ক্ষেপাঙ্কের জন্ম উল্লেখ করিয়াছেন। এই সমস্ত ক্ষেপাঙ্ক বিলিপ্তা অর্থাৎ পলস্থানীয়। উহা উক্ত মতে ভাগ করিয়া রাশ্যাদি করিয়া এই স্থলে গ্রহদিগের মধ্য ও শীঘ্র রাশ্যাদিতে যোগ করিবে। তাহা হইলে পৃথিবীর মধ্যরেখা স্থিত দেশের শ্রীসূর্য্য সিদ্ধান্তোক্ত মধ্যাদির সদৃশ অর্দ্ধরাত্রীয় মধ্যাদি হইবে।

অথ দেশান্তর শোধনম্।

সুমেরুলঙ্কান্তরভূমিমধ্যরেখা স্বদেশান্তরযোজনং ২০০ স্থিতং।
ভুক্তিস্বমষ্টাদ্রি ৭৮ হৃতং বিলিপ্তা গ্রহাদিকে প্রাক্‌পরয়োঃখণংস্বং॥

অথ দেশান্তর শোধন।

সুমেরু পর্ব্বত এবং লঙ্কার মধ্যভূমিস্থ যে রেখা, উহাকে মধ্যরেখা কহে। ঐ রেখা স্বস্ব দেশ হইতে ২০০ যোজন ব্যবহিত। গ্রহদিগের স্বীয় স্বীয় ভুক্তি অর্থাৎ রবির ৫৯।৮।১০ ইত্যাদি ক্রমে যে ভুক্তি উল্লেখ হইয়াছে, ঐ

ভুক্তি দ্বারা ঐ ২০০ যোজনকে পূরণ করিয়া ৭৮ আটাত্তর দিয়া হরণ করিলে যে বিলিপ্তা অর্থাৎ পলাদি লাভ হইবে ঐ পলাদি মধ্যরেখার পূর্ব্বদেশে গ্রহদিগের মধ্য এবং শীঘ্র ভুক্তিতে হীন এবং পশ্চিম দেশে যোগ করিবে।

অথ তাৎকালিকপ্রকারমাহ।

ইষ্টনাড়ীহতা ভুক্তিঃ ষষ্টিভক্তাঃ কলাদিকাঃ
গতে শোধ্যং যুতং গম্যে গ্রহস্তাৎকালিকো ভবেৎ ॥

অথ তাৎকালিক প্রকার।

ইষ্টনাড়ী অর্থাৎ দিনমানে নিশার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হয়, তাহা মিশ্রদণ্ড নামে বিখ্যাত। সূর্য্যোদয়াবধি জাতদণ্ড যে পরিমিত দণ্ডাদি হয় তাহা মিশ্রদণ্ড হইতে অন্তর করিলে যাহা অবশিষ্ট থাকে, ঐ দণ্ডাদি ইষ্টনাড়ী নামে প্রসিদ্ধ। তাহা দ্বারা গ্রহের ভুক্তি পূরণ করিয়া ষাট দিয়া ভাগ করিলে যে কলাদি লব্ধ হইবে, তাহা সূর্য্যোদয়াবধি অর্দ্ধরাত্র মধ্যে জাতদণ্ড থাকিলে, উক্ত লব্ধকলাদি গ্রহস্ফুটে হীন করিবে, নচেৎ গ্রহস্ফুটে লব্ধকলাদি যোগ করিলে তাৎকালিক গ্রহস্ফুট হইবে।

অথ মন্দোচ্চম্।

মন্দোচ্চ মর্কস্য যমোনগেন্দু
রসেন্দবো রামশরৌ গৃহাদ্যাঃ ২।১৭।১৬।৫৩।
বাণো যুগং দ্বে ত্রিযমৌ কুজস্য ৫।৪।২।২৩
নাগো যুগং ভং মরুতো ৮।৪।২৭।৪৯। বুধস্য ॥
গুরোরসা বাণবিধু কুপক্ষৌ ৬।১৫।২১।৮।
নাগাঃ সিতস্য জলনোগুণেন্দু
কুবাযকৌ বেদগুণা ৩।১৩।৫১।।৩৪। যথার্কে
র্নাগো নখাঃ শৈলগুণৌ কুরামৌ ৮।২০।৩৭।৩১ ॥

অথ মন্দোচ্চ।

গ্রহদিগের মন্দোচ্চ কথিত হইতেছে। ২ দুই রাশি সতর ১৭ অংশ ষোল ১৬ কলা তিপ্পান্ন ৫৩ বিকলা রবির মন্দোচ্চ বলিয়া কথিত আছে। এইরূপ মঙ্গলের ৫ পাঁচ রাশি চার অংশ দুই কলা তেইশ বিকলা, বুধের ৮ আট রাশি চার অংশ সাতাইশ কলা উনপঞ্চাশ, বিকলা, বৃহস্পতির, ছয় রাশি পোনের অংশ একুশ কলা আট বিকলা, শুক্রের তিন রাশি তের অংশ একান্ন কলা চৌত্রিশ বিকলা, শনির মন্দোচ্চ আট রাশি কুড়ি অংশ সাঁইত্রিশ কলা একত্রিশ বিকলা, বলিয়াবিখ্যাত হয়।

তাৎকালিক মন্দোচ্চম্।

অথাব্দপিণ্ডঃ নগনাগরামৈ-৩৮৭
র্বেদাভ্রনেত্রৈ-২০৪র্গজতর্করামৈঃ ৩৬৮।
খখগ্রহৈঃ ৯০০ সায়করামবাণৈঃ ৫৩৫
নর্ব্বাগ্নিভিঃ ৩৯ সূর্য্যকুজাদিকানাম্।
হৃত্বাহ্বিলক্ষৈ ২০০০০০ র্বিভজেৎ কলাদ্যং
মন্দোচ্চকে যোজ্যমিদং ক্রমেণ।

অথ তাৎকালিক মন্দোচ্চ।

অব্দপিণ্ড তিন শত সাতাশি ৩৮৭ দ্বারা পূরণ করিয়া দুই লক্ষ দ্বারা হরণ করিলে যে কলাদি লাভ হইবে, তাহা রবি মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে, এবং অব্দপিণ্ডকে ২০৪ দ্বারা পূরণ করিয়া দুই লক্ষ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা মঙ্গলের মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে। অব্দপিণ্ডকে ৩৬৮ দিয়া গুণ করিয়া গুণফল পূর্ব্বোক্ত অঙ্ক দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বুধ মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে। ৯০০ পূরিত অব্দপিণ্ডকে দুই লক্ষ দিয়া ভাগ দিয়া লব্দ কলাদি বৃহস্পতির মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিবে, এবং অব্দপিণ্ডকে ৫৩৫ দিয়া গুণ করিয়া দুই লক্ষ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধহইবে তাহা শুক্র মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগকরিবে। অব্দপিণ্ডকে ৩৯ দ্বারা পুরণ পূর্ব্বক দুই লক্ষ দ্বারা বিভক্ত করিয়া লব্ধ ভাগফল শনির মন্দোচ্চ রাশ্যাদির কলাদিতে যোগ করিলে রবি প্রভৃতি গ্রহের তাৎকালিক মন্দোচ্চ রাশ্যাদি হইবে।

অথ কুজ গুরু শনৈশ্চরাণাং শীঘ্রং
বুধ শুক্রয়োর্মধ্য কথনঞ্চ।

কার্য্যেস্ফুটে মধ্যরবিস্তু শীঘ্রং মহীজদেবেজ্যশনৈশ্চরাণাং।

সৌম্যস্ত শুক্রস্য সএব মধ্যোধীয়োবিপশ্চিন্বদতীতিসত্যঃ॥

অথ কুজগুরশনৈশ্চরের শীঘ্র এবং বুধ ও শুক্রের মধ্য কথন।

ধীর ও পণ্ডিতগণ অভ্রান্তরূপে বলিয়াছেন যে স্ফুট করণ সময়ে রবির মধ্য রাশ্যাদিই, মঙ্গল, বৃহস্পতি ও শনির শীঘ্র এবং বুধ ও শুক্রের মধ্য বলিয়া পরিগৃহীত হইবে।

অথ কেন্দ্রানয়নম্।

শীঘ্রোনিতো মধ্য ইহাশুকেন্দ্রং মন্দো নিতঃ স্যাদপিমন্দকেন্দ্রম্॥

অথ কেন্দ্রানয়ন।

প্রথমত গ্রহের মধ্য সংস্থাপন করিয়া তাহাকে স্বীয় স্বীয় শীঘ্র দ্বারা হীন করিলে যে রাশ্যাদি অবশিষ্ট থাকিবে, তাহা শীঘ্রকেন্দ্র নামে বিখ্যাত, এবং গ্রহগণের মধ্য হইতে স্ব স্ব মন্দোচ্চরাশ্যাদি বিয়োগ করিলে যে রাশ্যাদি অবশেষ থাকিবে, তাহা মন্দকেন্দ্র নামে প্রসিদ্ধ।

অথ রবিস্ফুটসাধনম্।

স্বমন্দকেন্দ্রাংশফলান্বিতোঽর্কঃ
স্ফুটো ভবেদ্ব্যর্থগুণেন্দুলিপ্তঃ। ১৩৫।

অথ রবিস্ফুট সাধন।

রবির শুদ্ধ মধ্য দুই স্থানে সংস্থাপন করিয়া, একটি হইতে তাৎকালিক রবি মন্দোচ্চ রাশ্যাদি হীন করিবে। যদি মধ্য রাশ্যাদি হইতে মন্দোচ্চ রাশ্যাদি হীন না হয়, তাহা হইলে মধ্য রাশিতে দ্বাদশ যোগ করিয়া হীন করিবে। যদি এইরূপে হীন করিয়া রাশি অবশেষ থাকে, তাহা হইলে তাহাকে ৩০ দ্বারা গুণ করিয়া অংশের সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা মন্দকেন্দ্র নামে খ্যাত। ঐ মন্দকেন্দ্রাংশে যে সংখ্যা থাকিবে, ঐ সংখ্যা পরিমিত অঙ্কে রবির মান্দ্যখণ্ডায় যে অঙ্ক থাকে, তাহা যোগ করিয়া স্থাপিত করিলে, উহাকে খণ্ডা কহে। তৎপরে তাহার পরবর্তী সংখ্যাঙ্ক গ্রহণ করিলে উহাকে অনুখণ্ডা কহে। ঐ অনুখণ্ডা খণ্ডার নিম্নে সংস্থাপন করিয়া বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা ভোগ্য নামে প্রসিদ্ধ। ঐ ভোগ্যাঙ্ক দ্বারা কেন্দ্রশেষ কলাদি গুণিত করিয়া যে গুণফল লব্ধ হইবে, তাহাকে যষ্টি ৬০ দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে। তাহা ঋণধন, খণ্ডা অর্থাৎ যদি খণ্ডা হইতে অনুখণ্ডা অল্প হয় তাহা হইলে ঋণখণ্ডা, এবং যদি খণ্ডা হইতে অনুখণ্ডার পরিমাণ অধিক হয় তাহা হইলে ধনখণ্ডা বলিয়া কথিত হইয়া থাকে। ঋণখণ্ডা স্থলে উক্ত লব্ধাঙ্ক খণ্ডাঙ্কে হীন করিবে, এবং ধনখণ্ডা স্থলে লব্ধাঙ্ক খণ্ডাঙ্কে যোগ করিবে। উক্তাঙ্ক মন্দ্রকেন্দ্রাংশফল নামে বিখ্যাত। উক্ত মন্দকেন্দ্রাংশফল শুদ্ধ রবিমধ্যরাশ্যাদির কলাদিতে যোগ করিয়া তাহা হইতে ১৩৫ একশত পঞ্চত্রিংশৎ কলা হীন করিলে যদি ঐ কলাতে যষ্টির ৬০ অধিক অঙ্ক থাকে, তাহা হইলে তাহাকে ৬০ ষাট দিয়া ভাগ করিয়া শেষাঙ্কে কলা স্থাপিত করিয়া লব্ধাঙ্ক অংশে মিশ্রিত করিয়া অংশ স্থাপন করিলে যে অঙ্ক হইবে, তাহাই রবির স্ফুট রাশ্যাদি।

অথ চন্দ্রস্ফুটসাধনম্।

চন্দ্রো যুতঃ সূর্য্যফলস্য ভাংশৈঃ ২৭
যুক্তাচ্চ কেন্দ্রাদমুপাততোঽংশাৎ॥
ফলেন যুক্তোঽথ গজাভ্ররাম- ৩০৮
লিপ্তাবিহীনঃ স্ফুটতামুপৈতি॥

অথ চন্দ্রস্ফুট সাধন।

সংস্কৃত সূর্য্যখণ্ডাকে কেন্দ্রাংশফল এবং সূর্য্যফল কহে। ঐ সূর্য্যফলকে সপ্তবিংশতি দ্বারা বিভক্ত করিলে যাহা লব্ধ হইবে, তাহার সহিত শুদ্ধ চন্দ্রমধ্য যোগ করিয়া সংস্থাপন করিবে, এবং ঐ সপ্তবিংশাংশফল চন্দ্রকেন্দ্রে যোগ করণানন্তর চন্দ্রকেন্দ্র রাশি ত্রিংশৎ পূরিত করিয়া অংশের সহিত সংযুক্ত করিলে যে অঙ্ক হইবে, ঐ অঙ্ক পরিমিত অঙ্কে চন্দ্রের মান্দ্যখণ্ডায় যে অঙ্ক থাকিবে, তাহা খণ্ডা নামে প্রসিদ্ধ, তৎপরে অনুখণ্ডা খণ্ডা হইতে অন্তর করিয়া শেষ ভোগ্য দ্বারা কেন্দ্র শেষ গুণ করণাদি খণ্ডাযোগান্ত সমস্ত প্রক্রিয়া পূর্ব্ব মত করিয়া শুদ্ধখণ্ডা পূর্ব্বস্থাপিত ভাংশযুক্ত চন্দ্রমধ্য রাশ্যাদিতে সংযোগ করিবে। পরে তাহার অংশাদি হইতে পাঁচ অংশ আট কলা হীন করিলে চন্দ্রের স্ফুট রাশ্যাদি হইবে।

অথ ভৌমাদীনাং স্ফুটাঃ।

স্বশীঘ্রকেন্দ্রাংশফলার্দ্ধযুক্ত স্বমন্দকেন্দ্রাংশফলেন মধ্যঃ।
যুতো যুতাচ্ছীঘ্রজকেন্দ্রভাগাৎ দ্বিচন্দ্র-১২ হীনাচ্চ ফলেন যুক্তঃ ॥
দ্বিরাশিহীনশ্চ কুজাদিকানাং স্ফুটো গ্রহাণাং ভবতীহ সত্যম্ ॥

অথ ভৌমাদি গ্রহের স্ফুট সাধন।

মঙ্গল হইতে শনি পর্য্যন্ত পাঁচটি গ্রহের স্ফুট গণনা কথিত হইতেছে। যে গ্রহের স্ফুট গণনা করা আবশ্যক তাহার মধ্য রাশ্যাদি উপরিভাগে স্থাপন করিয়া নিম্নে তাহার শীঘ্ররাশ্যাদি রাখিয়া বিয়োগ কর। ঐ অন্তর করিলে শেষ যে রাশ্যাদি থাকিবে, তাহার রাশিকে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া অংশের সহিত যোগ করিয়া দাও ঐ যুক্তাঙ্ক সংখ্যা যত হয়, সেই গ্রহের শীঘ্রখণ্ডা হইতে সেই সংখ্যা স্থলে যে অঙ্ক আছে, সেই খণ্ডা এবং তৎপর খণ্ডা গ্রহণ করিয়া উভয়ের অন্তর করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ভোগ্য বলিয়া বিখ্যাত। তাহার দ্বারা মধ্য ভুক্তির কলাবিকলাদি পূরণ করিয়া ষাট ৬০ দিয়া হরণ করিলে যাহা লব্ধ হইবে, তাহা পূর্ব্বোক্ত প্রকারে খণ্ডার ঋণ ধন বিবেচনা করিয়া খণ্ডাতে হীন বা যোগ করিয়া যে অঙ্ক হইবে, তাহা শীঘ্রকেন্দ্রাংশফল। উহাকে দুই সমবিভাগে বিভক্ত করিয়া স্থাপিত করিবে। পরে স্বীয় শুদ্ধ মধ্য রাশ্যাদিতে স্বীয় মন্দোচ্চ রাশ্যাদি হীন করিয়া অবশিষ্ট রাশিকে ত্রিশ দিয়া পূরণকরিয়া অংশের সহিত মিশ্রিত করিবে। তৎপরে পূর্ব্বস্থাপিত শীঘ্র কেন্দ্রাংশ ফলের অর্দ্ধাংশ মন্দকেন্দ্রাংশাদিতে যোগ করিয়া যে সংখ্যা হইবে, স্বীয় মান্দ্য খণ্ডায় সেই সংখ্যার স্থানে যে খণ্ডাঙ্ক হয়, তাহা এবং তাহার অনুখণ্ডা লইয়া পূর্ব্বোক্ত মত অংশ ফল সাধন করিলে, তাহা মন্দকেন্দ্রাংশফল হইবে। ঐ মন্দকেন্দ্রাংশফল দুই স্থানে সংস্থাপন করিয়া একটিতে গ্রহের সংস্কৃত মধ্য যোগ করিয়া অপরটিতে স্বীয় শীঘ্রজকেন্দ্রাংশ মিশ্রিত করিলে যে অঙ্ক হইবে, তাহা হইতে দ্বাদশ হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে পূর্ব্বোক্ত নিয়মানুসারে তাহার অংশফল সাধন করিয়া যাহা অংশফল হইবে, তাহা সংস্কৃত মধ্য যুক্ত মন্দকেন্দ্রাংশ ফলে যোগকরিবে। ইহাতে যে রাশ্যাদি হইবে, সেই রাশি হইতে দুই রাশি হীন করিলে যে রাশ্যাদি অবশিষ্ট থাকিবে, সেই রাশ্যাদি সেই গ্রহের স্ফুট রাশ্যাদি হইবে।

অথ কেন্দ্রফলসাধনম্।

যস্মাৎ খণ্ড গ্রহণং তচ্ছেষকলাদিকং হতং কলিতৈঃ।
খণ্ডানুখণ্ডবিবরৈঃ ষষ্টি-৬০ বিভক্তং কলাদ্যংস্যাৎ ॥
খণ্ডাদনুখণ্ডেহল্পে হীনমধিকে ধনং কুর্য্যাৎ।
কেন্দ্রফলমনুপাতাদিপং সর্ব্বত্র বিজ্ঞেয়ম্ ॥

অথ কেন্দ্রফলসাধন।

কেন্দ্র ফল সাধনে যে অংশ সংখ্যা দ্বারা খণ্ডা গ্রহণ করা যায়, সেই অংশশেষকলাদি, খণ্ডা ও অনুখণ্ডার বিয়োগে যে অঙ্ক থাকে, তাহা দ্বারা পূরণ করিয়া, ষষ্টি ৬০ দ্বারা ভাগ করিলে যে কলাদি লব্ধ হয়, ঐ লব্ধ কলাদি যদি খণ্ডা অপেক্ষা অনুখণ্ডা অল্প হয়, তাহা হইলে খণ্ডার সহিত যোগ করিবে, এবং খণ্ডা অপেক্ষা অনুখণ্ডা অধিক হইলে, খণ্ডাতে যোগ করিবে। সর্ব্বত্রই অনুপাত অনুসারে এইরূপ কেন্দ্রফল জানিবে।

অথ রবিচন্দ্রমসোঃ স্ফুটভুক্তিসাধনম্।

ভোগ্যাংরবেঃ খাদ্রি ৭০ লবোন মিন্দো-
র্বিশ্বা-১৩ হতং খাভ্রযমাং-২০০শযুক্তম্ ॥
পাশ্চাত্যখণ্ডস্থ ধনর্ণকত্বে
ভুক্তৌ ধনর্ণং স্ফুটভুক্তিরেষা ॥

অথ রবি ও চন্দ্রের স্ফুট ভুক্তি সাধন।

রবির খণ্ডা হইতে অনুখণ্ডা হীন করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাকে ভোগ্য কহে। ভোগ্য দুই স্থানে সংস্থাপিত করিয়া একটিকে ৭০ সত্তর দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, অপরটিতে তাহা হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, ঐ অঙ্ক, খণ্ডা অপেক্ষা অনুখণ্ডা অল্প হইলে রবির মধ্য ভুক্তি ৫৯।৮।১০ কলাদিতে হীন করিবে। যদি খণ্ডা অপেক্ষা অনুখণ্ডা অধিক হয়, তাহা হইলে রবিমধ্য ভুক্তিতে যোগ করিবে। এইরূপ হীন বা যোগ করিলে, যে অঙ্ক লব্ধ হইবে, তাহাই রবিরস্ফুট ভুক্তি

হইবে। স্ফুটভুক্তি সাধনে, যেরূপে ভোগ্য আনিতে হয়, তাহার রীতি, রবির স্ফুটভুক্তিসাধনে উক্ত হইয়াছে। এই স্থলে, সেইরূপে চন্দ্রের, ভোগ্য সাধন করিয়া ঐ ভোগ্যকে ত্রয়োদশ দ্বারা পূরণ পূর্ব্বক দুই স্থানে, সংস্থাপিত করিয়া, একটিকে দুই শত দ্বারা ভাগ দিয়া যে ভাগফল লব্ধ হইবে, তাহা ঐ ত্রয়োদশ পূরিত ভোগ্যে যোগ করিবে। তাহার পর পূর্ব্বোক্ত নিয়মানুসারে খণ্ডার ঋণ, ধন, বিবেচনা করিয়া, চন্দ্র মধ্যভুক্তি ৭৯০।৩৪।৫২ তে, ঋণখণ্ডা স্থলে হীন, ধনখণ্ডা স্থলে, যোগ করিলে, যে অঙ্ক হইবে, তাহাই চন্দ্রের স্ফুট ভুক্তি।

অথ মান্দ্যশীঘ্রফল সাধনম্।

অধিকে ন্যূনে খণ্ডাদস্মুখণ্ডে ভোগ্যজং ফলং মান্দ্যম্।
স্বর্ণাখ্যং স্যাৎ ক্রমতঃ শৈঘ্র্যন্তু তদ্বামতো জ্ঞেয়ং॥

খণ্ডা হইতে অনুখণ্ডা অধিক হইলে মান্দ্যভোগ্য দ্বারা উৎপন্ন যে মান্দ্যফল তাহাকে ধন কহিবে, এবং খণ্ডা অপেক্ষা অনুখণ্ডা অল্প হইলে মান্দ্যভোগ্যোৎপাদিত যে ফল তাহাকে ঋণ কহিবে। ইহার বিপরীত ক্রমে শৈঘ্র্য ফল হইবে। যথা খণ্ডা অপেক্ষা অনুখণ্ডা অধিক হইলে শীঘ্রভোগ্য জনিতফল ঋণ, এবং খণ্ডাপেক্ষা অনুখণ্ডা অল্প হইলে শীঘ্রভোগ্যজ ফল ধন হইবে।

অথ ভৌমাদীনাং স্ফুটভুক্তি কথনং বক্রশীঘ্রকথনঞ্চ।

ভৌমস্তমান্দ্যভোগ্যং রুদ্র ১১ ঘ্নং চন্দ্রনেত্রা-২১ প্তম্
বুধভার্গবয়োঃ খাগাং-৭০ শোনং জীবস্ত চন্দ্রনেত্রা-২১প্তম্।
খগুণৈঃ-৩০শনে র্বিভক্তং স্বমধ্যভুক্তৌধনর্ণং কার্য্যম্॥
মান্দ্যাদিমভোগ্যবধাৎ লব্ধং ভৌমাৎ খতর্কযমৈঃ ২৬০।
সার্দ্ধাষ্টগুণৈ-৩৮।৩০ গুর্ণগুণ
চন্দ্রৈঃ ১৩৩ শরগোকুভী ১৯৫ রসত্রয়ৈঃ ১২৬॥
মান্দ্যাদিমভোগ্যকয়ো ঋণাখ্যয়োঃ স্বাখ্যয়োস্তস্তাম্।
কার্য্যং ধনমন্যথর্ণং সাধঃ শৈঘ্র্যাঙ্গতোহীনা॥
সা শীঘ্রকেন্দ্রভুক্তি স্তৃতীয় ভোগ্যহতা খতর্কা ৬০ প্তা।
ধনমৃণমুপরিগতিঃ স্যাদ্বিপরীতোনা সাতু বক্রা॥

অথ কুজাদি গ্রহের স্ফুটভুক্তি সাধন ও বক্রশীঘ্র কথন।

মান্দ্য ও শীঘ্র ভোগ্য যে রূপে আনিতে হয়, তাহা উক্ত হইয়াছে। এক্ষণে কুজাদি পঞ্চ গ্রহের স্ফুটভুক্তি সাধন কহিতেছেন। মঙ্গলের মান্দ্যভোগ্য একাদশ দ্বারা গুণিত করিয়া একুশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা এবং বুধ ও শুক্রের মান্দ্যভোগ্য দুই স্থানে সংস্থাপিত করিয়া, একটিকে ৭০ দিয়া ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা অপরটিতে হীন করিলে যে মান্দ্যভোগ্য অবশিষ্ট থাকিবে, তাহা এবং বৃহস্পতির মান্দ্যভোগ্য ২১ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা এবং শনির মান্দ্যভোগ্য,৩০ দ্বারা হরণ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা স্বীয় স্বীয় মান্দ্যভোগ্য ফল পূর্ব্বোক্তনিয়মানুসারে খণ্ডার ঋণ ধন বিচার করিয়া পূর্ব্বোক্ত স্বীয় স্বীয় মধ্যভুক্তিতে ঋণখণ্ডা স্থলে হীন এবং ধনখণ্ডা স্থলে যোগ করিয়া সংস্থাপিত করিবে। যাহার স্ফুটভুক্তি হইতেছে, পুনরায় তাহার স্ফুট করণ সময়ে সেই মান্দ্যভোগ্যকে প্রথম যে শীঘ্রভোগ্য থাকে, তাহা দ্বারা পূরণ করিয়া ঐ অঙ্ক মঙ্গলের হইলে ২৬০ দ্বারা, বুধের হইলে ৩৮।৩০ দ্বারা, বৃহস্পতির হইলে ১৩৩ দ্বারা, শুক্রের হইলে ১৯৫ দ্বারা, শনির হইলে ১২৬ দ্বারা ভাগ করিয়া যে অঙ্ক লব্ধ হইবে, তাহা সংস্থাপন করিবে। যদি মান্দ্যভোগ্য এবং প্রথম শীঘ্রভোগ্য উভয়ই ঋণ হয়, অথবা উভয় ভোগ্য ধন হয়, তাহা হইলে পূর্ব্বস্থাপিত মান্দ্যভুক্তিতে এই ভাগলব্ধাঙ্ক যোগ করিবে। যদি মান্দ্যভোগ্য ঋণ এবং প্রথম শীঘ্রভোগ্য ধন, অথবা মান্দ্যভোগ্য ধন এবং প্রথম শীঘ্রভোগ্যঋণ হয়, তাহা হইলে মন্দভুক্তিতে ঐ লব্ধাঙ্ক হীন করিবে। তৎপরে ঐ অঙ্ককে দুই স্থানে সংস্থাপন করিয়া স্বীয় স্বীয় শীঘ্রভুক্তি হইতে একটিকে হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে স্ফুটকরণ সময়ে তৃতীয় শীঘ্রকেন্দ্রের ভোগ্য দ্বারা পূরণ পূর্ব্বক ৬০ দিয়া ভাগ করিলে যে ফল লব্ধ হইবে, তাহা সংস্থাপিত করিয়া বিবেচনা করিবে। যদি তৃতীয় শীঘ্র-

ভোগ্য ধন হয়, তাহা হইলে এই স্থলে ঐ লব্ধাঙ্ক অপর সংস্থাপিতাঙ্কে হীন করিবে। আর যদি তৃতীয় শীঘ্রভোগ্য ঋণ হয়, তাহা হইলে এস্থলে সেই লব্ধাঙ্ক অপর সংস্থাপিতাঙ্কে যোগ করিবে তাহাতে যে কলা বিকলা প্রভৃতি হইবে, তাহাই সেই গ্রহের স্ফুটভুক্তি কহিতে হইবে। যদি হীন করণ সময়ে বিপরীত ক্রমে হীন করিতে হয় অর্থাৎ যে অঙ্ক হইতে যে অঙ্ককে হীন করিতে হইবে, তাহা নিম্নশ্রেণীতে সংস্থাপিত করিয়া হীন করা শাস্ত্র সিদ্ধ, কিন্তু যদি তাহার অভাব হয়। যেমন এক হইতে তিন হীন কর, বলিলে, হীন হয় না কিন্তু তিনকে উপরে রাখিয়া ১ এক বা দুই হীন করা যায়, এইরূপে বিপর্য্যস্ত করিয়া হীন করিলে উহাকে বিপরীত হীন কহে। যে দিবস তৃতীয় শীঘ্রকেন্দ্রে এইরূপ ঘটনা হইবে, সেই দিবস সেই গ্রহের বক্র আরম্ভ হইবে, এবং পুনরায় যে দিবস বিপরীত হীন না হইবে, সেই দিবস সেই গ্রহের বক্র ত্যাগ হইবে।

অথায়নাংশানয়নম্।

কল্যব্দে খখবড়্গুণেন ৩৬০০ বিহৃতে লব্ধশ্চ শেষস্তথা
শেষশ্চেদধিকঃ খখাষ্টশশিতঃ ১৮০০ শুদ্ধস্তদা হারতঃ।
রাম ৩ ঘ্নোদ্বিশতৈ ২০০ র্হৃতোঽত্র চলনাংশঃ স্যাৎ খখাঙ্গানল ৩৬০০
প্রাপ্তাঙ্কে বিষমে ধনাহ্বয় ঋণাখ্য স্যাচ্চ যুগ্মে পুনঃ॥

অথ অয়নাংশানয়ন।

কল্যব্দাঙ্ককে তিন হাজার ছয় শত দিয়া ভাগ করিলে, যাহা লব্ধ হইবে, একস্থানে তাহা সংস্থাপন করিবে। আর যাহা শেষ থাকিবে, তাহা যদি এক হাজার আট শত হইতে অধিক হয়, তাহা হইলে তিন হাজার ছয় শত হইতে তাহা হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে তিন দিয়া পূরণ পূর্ব্বক দুই শত দ্বারা হরণ। করিয়া যাহা লব্ধ হইবে, তাহাই অয়নাংশ নামে খ্যাত হয় যদি পূর্ব্বোক্ত তিন হাজার ছয় শত দিয়া হরণ দ্বারা লব্ধাঙ্ক বিষমসংখ্য হয়, তাহা হইলে সেই অয়নাংশ-ধনাখ্য গ্রহস্ফুটে যোগ করিতে হইবে, আর যদি লব্ধাঙ্ক সমসংখ্য হয়, তাহা হইলে সেই অয়নাংশ-ঋণ নামক গ্রহস্ফুটে হীন করিবে।

অথ দিনমানানয়নম্।

খং ০ খাগ্নী ৩০ যুগশায়কৌ ৫৪
যুগরসৌ ৬৪ বেদেষবঃ ৫৪ খাগ্নয়ঃ।
ছায়া (৫। ১০) ঘ্না খনবোঃ ৯০ হৃতাঃ
খদহনৈ ৩০ র্যুক্তা হ্যমানানি ষট্।
স্পষ্টার্কাদয়নাংশযুক্তবিযুতাৎ
শূন্যক্রমাৎ ষষ্টি ৬০ তশ্চেৎ।
শুদ্ধান্যপরাণি ষট্তদ
পরাণ্যত্রানুপাতাৎ পুনঃ।

তেন দশব্যঙ্গুলাধিকপঞ্চাঙ্গুলচ্ছায়ে দেশে দিনমানানি।
৩০ ॥ ৩১ ॥ ৪৩ ॥ ৩৩। ৬ ॥ ৩৩। ৪০ ॥ ৩৩। ৬ ॥ ৩১। ৪৩ ॥
২৮। ১৭ ॥ ২৬। ৫৪ ॥ ২৬। ২০ ॥ ২৬। ৫৪ ॥ ২৮। ১৭ ॥ ৩০ ॥

অথ দিন মানানয়ন।

অধুনা দ্বাদশ মাসের প্রতি দিবসীয় দিনমান কিরূপে আনিতে হয়, তাহা কথিত হইতেছে। প্রথমত রবিস্ফুট করিবে। যদি ঐ রবির স্ফুট অয়নাংশযুক্ত হয়, তাহা হইলে তাহা হইতে অয়নাংশ হীন করিলে শূন্য সময়ের অর্থাৎ বিষুব সংক্রান্তির রবির স্ফুট হইবে। তাহা হইতে আরব্ধ করিয়া ক্রমশ ছয় মাসের ছয় সংক্রান্তি দিবসের অর্থাৎ বৈশাখ মাসে বিষুবসংক্রান্তি দিবসীয় ০ শূন্য, জ্যৈষ্ঠমাসের সংক্রান্তি দিবসীয় ৩০ ত্রিশ, আষাঢ় মাসের সংক্রান্তি দিবসীয় ৫৪ চুয়ান্ন শ্রাবণ মাসের সংক্রান্তি দিবসীয় ৬৪ চৌষট্টি, ভাদ্র মাসের সংক্রান্তি দিবসীয় ৫৪ চুয়ান্ন আশ্বিন মাসের সংক্রান্তি দিবসীয় ৩০ ত্রিশ, এই ছয়টি অঙ্ককে, বিষুবের মধ্যাহ্ন ছায়া ৫। ১০দ্বারা পূরণ করিয়া ৯০ নব্বই দিয়া বিভক্ত করিলে যে ভাগফল লব্ধ হইবে, তাহাতে ত্রিশ ৩০ যোগ করিলে যে অঙ্ক হইবে সেই দণ্ডাদিই যথা ক্রমে উক্ত বিষুব সংক্রান্তিপ্রভৃতি ছয় সংক্রান্তি দিবসের দিনমান হইবে। অপর যে ছয়টি সংক্রান্তি বাকি থাকিল তাহার দিনমান এইরূপে জানিতে হইবে, যে উক্ত ছয় সংক্রান্তি দিবসের দিনমান ৬০ হইতে বিযুক্ত করিলে, যাহা অবশেষ থাকিবে, তাহাই যথা ক্রমে কার্ত্তিকাদি ছয় মাসের সংক্রান্তি দিবসের দিনমান হইবে। যে যে দেশে দ্বাদশ অঙ্গুলি পরিমিত শঙ্কুর ৫। ১০ পঞ্চাঙ্গুল। দশব্যঙ্গুল মধ্যাহ্নচ্ছায়া হয়,

সেই দেশের দিনমান আনয়ন করা হইতেছে। যথা বৈশাখ মাসের বিষুব সংক্রান্তি দিবসীয় দিনমান ৩০ ত্রিশ দণ্ড হয়, ঐ ৩০ দণ্ডকে ৬০ ষাট দণ্ড হইতে হীন করিলে যে ত্রিশ অবশিষ্ট থাকিবে, তাহাই কার্ত্তিক মাসের সংক্রান্তি দিবসের দিনমান হইবে। জ্যৈষ্ঠ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩১। ৪৩ একত্রিশ দণ্ড তেতাল্লিশ পল হয়। ঐ অঙ্ক ষাট হইতে হীন করিলে যে ২৮। ১৭ আটাশ দণ্ড সতর পল অবশিষ্ট থাকে, তাহাই অগ্রহায়ণ মাসের সংক্রান্তি দিবসের দিনমান হয়। আষাঢ় মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩৩। ৬ তেত্রিশ দণ্ড ছয় পল। ষাট হইতে ঐ অঙ্ক হীন করিলে যে ২৬। ৫৪ ছাব্বিশ দণ্ড চুয়ান্ন পল অবশেষ থাকিবে, তাহাই পৌষ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইবে। শ্রাবণ মাসের সংক্রান্তি দিবস দিনমান ৩৩। ৪০ তেত্রিশ দণ্ড চল্লিশ পল হয়। ষাট দণ্ড হইতে উহা-হীন করিলে যে ২৬। ২০ ছাব্বিশ দণ্ড বিংশতিপল অবশিষ্ট থাকিবে তাহা মাঘ মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইবে। ভাদ্র মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩৩। ৬ তেত্রিশ দণ্ড ছয় পল। উহা ষাট হইতে বিয়োগ করিলে ২৬। ৫৪ ছাব্বিশ দণ্ড চুয়ান্ন পল শেষ থাকে। এজন্য ফাল্গুণ মাসের সংক্রান্তি দিবসের ঐ ২৬। ৫৪ দণ্ড পল দিনমান হইয়া থাকে। আশ্বিন মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান ৩১।৪৩ একত্রিশ দণ্ড তেতাল্লিশ পল। ঐ অঙ্ক ষাট হইতে হীন করিলে যে ২৮। ১৭ আটাশ দণ্ড সতর পল শেষ থাকে। সেই ২৮ দণ্ড ১৭ পল চৈত্র মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান হইয়া থাকে। এই যে সমস্ত দিনমান লিখিত হইল, প্রত্যেক ছয়ষট্টি বৎসরে রবির এক অয়ন দিন হয়, এই নিয়মানুসারে একণে ১০ই চৈত্র দিবসে সূর্য্য বিষুবরেখায় আসেন এজন্য ঐ দিবসীয় দিনমান ৩০ দণ্ড হয়। আর আর সংক্রান্তি সেই সেই মাসের ১০ম দিবসে ঘটিতেছে। একণকার পঞ্জিকায় দৃষ্টি করিলেই, ঐ দিবসেউক্ত দিনমান দেখিতে পাওয়া যায়। সংক্রান্তি দিবসীয়দিনমান উক্ত হইল। তাহার মধ্যবর্ত্তী দিনগণের দিনমান কত হইবে, তাহা যেরূপে জানিতে পারা যায়, তাহার নিয়ম এই যে, মাসের সংক্রান্তি দিবসীয় দিনমান স্থির হইলে তাহার পর দিবস হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী সংক্রান্তি দিবসের পূর্ব্ব দিন পর্য্যন্ত গণনা করিয়া যত দিনদণ্ড হইবে, তাহা দ্বারা পূর্ব্ব সংক্রান্তি হইতে পর সংক্রান্তি পর্য্যন্ত যে দণ্ডাদি বৃদ্ধি হয়, তাহাকে ত্রৈরাশিক দ্বারা পর পর দিবসের দিনমান স্থির করিয়া লইবে।

অথ তিথ্যাদ্যানয়নম্।

ব্যর্কেন্দোঃ শশিনঃ সসূর্য্যশশিনো লিপ্তানখাগৈঃ ৭২০ খখ-
ব্যাষ্টৈঃ ৮০০ খাভ্রগজৈঃ ৮০০ ক্রমেণ বিহৃতাস্তিথ্যৃক্ষযোগাগতাঃ।
শেষান্ হারকশোধিতাংশ্চ খরসৈঃ ৬০ সংগুণ্য ভুক্ত্যন্তরৈঃ।
ভুক্ত্যা ভুক্তিযুজা হৃতেষ্বত্র ঘটিকা ভুক্তাশ্চ ভোগ্যাঃ ক্রমাৎ॥
লব্ধভুক্তৈষ্যদণ্ডেন সবাস্রেষ্টঘটী পৃথক্।
হীনাম্বিতাশ্চ যাতৈষ্য-তিথ্যাদীনাং ঘটীস্ফুটাঃ॥

অথ তিথ্যাদ্যানয়ন।

তিথি নক্ষত্র এবং যোগ ও ঐ সকলের পরিমাণদণ্ডাদি যেরূপে আনয়ন করিতে হয়, একণে তাহার নিয়ম কথিত হইতেছে। চন্দ্রের তাৎকালিক স্ফুট হইতে রবির তাৎকালিক স্ফুট হীন করিয়া, রাশি এবং অংশকে ক্রমে দণ্ড করিয়া দণ্ডের সহিত যোগ করিবে। পরে তাহাকে ৭২০ সাত শত বিংশতি দ্বারা ভাগ করিয়া যে অঙ্ক লব্ধ হইবে, ঐ অঙ্ক সংখ্যায় যে তিথি হইতে পারে, তাহা গত তিথি হইবে। এইরূপ তাৎকালিক চন্দ্র স্ফুট রাশি ও অংশকে দণ্ডে পরিণত করিয়া দণ্ডের সহিত মিলন করিয়া পরে সেই অঙ্ককে ৮০০ আট শত দ্বারা ভাগ করিলে যে ভাগ ফল লব্ধ হইবে, ঐ অঙ্কে যে নক্ষত্র হইতে পারে, তাহা গত নক্ষত্র হইবে। আর তাৎকালিক রবির স্ফুটে তাৎকালিক চন্দ্র স্ফুট যোগ করিয়া রাশি এবং অংশকে দণ্ডের সহিত যোগ করিয়া তাহাকে ৮০০ আট শত দ্বারা ভাগ করিয়া যে ভাগফল লব্ধ হইবে, তাহা ঐরূপ গত যোগ স্থির করিবে। পরে ঐ সকল তিথি নক্ষত্র এবং যোগের যে ভাগশেষ থাকিবে, তাহা দুই স্থানে সংস্থাপন করিয়া একটিকে অর্থাৎ তিথির ভাগাব-

শেষকে তিথির হারক ৭২০ হইতে, এবং নক্ষত্র ও যোগের ভাগশেষকে নক্ষত্র ও যোগের হারক ৮০০ হইতে হীন করিয়া পরে ঐ দ্বিবিধ অঙ্ক অর্থাৎ উক্ত প্রকারে ভাগাবশেষ ও হীনাবশেষ যে অঙ্ক আছে, তাহাকে ষষ্টি ৬০ দ্বারা গুণ করিয়া, পরে চন্দ্রের তাৎকালিক স্ফুটভুক্তি হইতে রবির তাৎকালিক স্ফুটভুক্তি বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা ভুক্ত্যন্তর হারক এবং তিথির গুণফল হার্য্য। হারক ভুক্ত্যন্তর দ্বারা হার্য্য তিথিগুণফলকে হরণ করিলে যাহা লব্ধ হইবে, তাহা যদি ভাগাবশেষ অঙ্কে নিষ্পাদিত হইয়া থাকে, তাহা হইলে তাহা ভুক্তদণ্ডাদি হইবে, এবং যদি হীনাবশেষ অঙ্কে সম্পাদিত হইয়া থাকে, তাহা হইলে তাহা ভোগ্যদণ্ডাদি হইবে। পরে ভুক্তদণ্ড স্থলে জাতবার ও দণ্ডাদি হইতে লব্ধ ভুক্তদণ্ডাদি হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা বারের সহিত গত তিথির দণ্ডাদি হইবে। আর ভোগ্য দণ্ডাদি স্থলে জাত বার ও দণ্ডাদির সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা বারের সহিত গম্য তিথির দণ্ডাদি হইবে।

অথ গ্রহাণাং নক্ষত্রসঞ্চারদিনাদিজ্ঞানম্।

লিপ্তা গ্রহাণাং খখনাগ-৮০০ ভক্তা গতানি ধিষ্ণ্যান্যথ সৈকভন্তু।
শেষে চ শেষোনহরে চ ভুক্ত্যা হৃতে গতৈষ্যং দিবসাদিকং স্যাৎ॥

অথ গ্রহদিগের নক্ষত্রসঞ্চারদিন জ্ঞান।

গ্রহদিগের স্ফুট রাশি এবং অংশকে দণ্ড করিয়া স্ফুটস্থ দণ্ডের সহিত যোগ করিয়া তাহাকে ৮০০ দ্বারা ভাগ দাও। ইহাতে যে ভাগফল লব্ধ হয়, তাহা গত নক্ষত্র হইবে, এবং তাহাতে এক যোগ করিলে গ্রহস্থিতি নক্ষত্র হইবে। পূর্ব্বোক্ত ভাগ দ্বারা যে ভাগাবশেষ অঙ্ক থাকিবে, তাহাকে, এবং উক্ত হারক অর্থাৎ ৮০০ হইতে হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ঐ দুই অঙ্ককে পৃথক্ পৃথক্ ৬০ ষষ্টি দ্বারা পূরণ করিয়া যে গুণফল লব্ধ হইবে, তাহাকে স্বীয় স্বীয় স্ফুটভুক্তি দ্বারা ভাগ করিবে। ৬০ ষষ্টি পূরিত ভাগাবশেষাঙ্ক হইতে যাহা লব্ধ হইবে, তাহা গত দিনাদি এবং হারক হীনিত অঙ্ক হইতে যাহা লব্ধ হইবে, তাহা গ্রহস্থিত নক্ষত্রের গম্য দিনাদি হইবে।

অথ গ্রহাণাং রাশিসঞ্চারদিনজ্ঞানম্।

লিপ্তা-গ্রহাণাং ভকলাপ্তি ১৮০০ রাপ্তা
গতানি বেশ্মান্যথ সৈকরাশেঃ।
শেষে চ শেষোন হরে চ ভুক্ত্যা।
হৃতে দিনাদ্যো গতগম্যকে স্তঃ॥

অথ গ্রহগণের রাশিসঞ্চার দিনানয়ন।

গ্রহস্ফুটের রাশিকে ৩০ দিয়া গুণ করিয়া ঐ গুণফলের সহিত অংশ যোগ করিয়া পরে ঐ যোগজ অঙ্ককে ৬০ ষষ্টি দ্বারা গুণিত করিয়া তাহার সহিত কলা যোগ করিবে। তাহাতে যে দণ্ড হইবে, তাহাকে ১৮০০ দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হয়, তাহা গত রাশি, হইবে, এবং তাহাতে ১ এক যোগ করিলে গ্রহস্থিতি রাশি হইবে। পরন্তু ঐ ১৮০০ দ্বারা ভাগ করিয়া যাহা ভাগশেষ থাকিবে, তাহা দুই স্থানে সংস্থাপন করিয়া একটিকে ৬০ ষষ্টি দ্বারা পূরণ করিবে, এবং অপরটিকে হারকাঙ্ক ১৮০০ হইতে বিয়োগ করিবে। ইহাতে যাহা শেষ থাকিবে, তাহাকে ৬০ দ্বারা পূরণ করিবে, এই দুইটি হার্য্য। পরে হারকরূপ গ্রহগণের স্বীয় স্বীয় স্ফুটভুক্তি দ্বারা ঐ উভয় হার্য্য গুণফলকে ভাগ দিয়া, যে ভাগফল লব্ধ হয়, তাহা গত এবং গম্য দিনের জ্ঞাপক হইবে। শেষাঙ্ক হইতে যে ফল লব্ধ হয়, তাহা পূর্ব্ব সঞ্চার হইতে গত দিন এবং হারক শোধিতাঙ্ক হইতে যাহা লব্ধ হইবে তাহা গম্য দিন অর্থাৎ তত দিন পরে পুনরায় সেই গ্রহের রাশ্যন্তর সঞ্চার হইবে।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত
ফলিতজ্যোতিষে
শ্রীরাঘবানন্দ বিরচিত সিদ্ধান্তরহস্যের
স্ফুটপ্রকরণ সমাপ্ত।

অথ গ্রহাণাং স্ফুটার্থং খণ্ডা লিখ্যন্তে। তত্র রবের্মান্দ্যাঃ কলাদ্যাঃ।

১	১৬	৩১	৪৬	৬১	৭৬	৯১	১০৬	১২১
১৩২।৪০	৯৮।২৬	৬৭।১	৪০।৩০	২০।৩১	৮।১৯	৪।৩৩	৯।২৭	২২।৪৬
১৩০।২১	৯৬।১২	৬৫।৫	৩৮।৫৭	১৯।২৮	৭।৪৯	৪।৩৭	১০।৬	২৩।৫৭
১২৮।১	৯৪।০	৬৩।৯	৩৭।২৫	১৮।২৫	৭।১৯	৪।৪২	১০।৪৫	২৫।৮
১২৫।৪১	৯১।৪৯	৬১।১৪	৩৫।৫৫	১৭।২৪	৬।৫০	৪।৪৮	১১।২৬	২৬।২১
১২৩।২১	৮৯।৪০	৫৯।২০	৩৪।২৯	১৬।২৬	৬।২৮	৫।১	১২।১৩	২৭।৩৯
১২১।২	৮৭।৩২	৫৭।৩২	৩৩।৩	১৫।৩০	৬।৬	৫।১৪	১৩।০	২৮।৫৮
১১৮।৪৪	৮৫।২৪	৫৫।৪১	৩১।৩৮	১৪।৩৫	৫।৪৪	৫।২৭	১৩।৪৭	৩০।১৬
১১৬।২৭	৮৩।১৭	৫৩।৫৩	৩০।১৬	১৩।৪৭	৫।২৭	৫।৪৪	১৪।৩৫	৩১।৩৮
১১৪।১০	৮১।১১	৫২।৮	২৮।৫৭	১৩।০	৫।১৪	৬।৬	১৫।৩০	৩৩।৩
১১১।৫৩	৭৯।৬	৫০।২৩	২৭।৩৯	১২।১৩	৫।১	৬।২৮	১৬।২৬	৩৪।২৯
১০৯।৩৬	৭৭।১	৪৮।৩৯	২৬।২১	১১।২৬	৪।৪৮	৬।৫০	১৭।২৪	৩৫।৫৫
১০৭।২১	৭৪।৫৯	৪৬।৫৯	২৫।৮	১০।৪৫	৪।৪২	৭।১৯	১৮।২৫	৩৭।২৫
১০৫।৬	৭২।৫৮	৪৫।২০	২৩।৫৭	১০।৬	৪।৩৭	৭।৪৯	১৯।২৮	৩৮।৫৭
১০২।৫১	৭০।৫৭	৪৩।৪১	২২।৪৬	৯।২৭	৪।৩১	৮।১৯	২০।৩১	৪০।৩০
১০০।৩৬	৬৮।৫৭	৪২।৩	২১।৩৫	৮।৪৯	৪।২৯	৮।৪৯	২১।৩৫	৪২।৩
১৫	৩০	৪৫	৬০	৭৫	৯০	১০৫	১২০	১৩৫

১৩৬	১৫১	১৬৬	১৮১	১৯৬	২১১	২২৬	২৪১	২৫৬
৪৩।৪১	৭০।৫৭	১০২।৫১	১৩৭।২০	১৭১।৩৬	২০২।৫৯	২২৯।৩০	২৪৯।২৯	২৬১।৪১
৪৫।২০	৭২।৫৮	১০৫।৬	১৩৯।৩৯	১৭৩।৪৮	২০৪।৫৫	২৩১।৩	২৫০।৩২	২৬২।১১
৪৬।৫৯	৭৪।৫৯	১০৭।২১	১৪১।৫৯	১৭৬।০	২০৬।৫১	২৩২।৩৫	২৫১।৩৫	২৬২।৪১
৪৮।৩৯	৭৭।১	১০৯।৩৬	১৪৪।১৯	১৭৮।১১	২০৮।৪৬	২৩৪।৫	২৫২।৩৬	২৬৩।১০
৫০।২৩	৭৯।৬	১১১।৫৩	১৪৬।৩৯	১৮০।২০	২১০।৩৭	২৩৫।৩১	২৫৩।৩৪	২৬৩।৩২
৫২।৮	৮১।১১	১১৪।১০	১৪৮।৫৮	১৮২।২৮	২১২।২৮	২৩৬।৫৭	২৫৪।৩০	২৬৩।৫৪
৫৩।৫৩	৮৩।১৭	১১৬।২৭	১৫১।১৬	১৮৪।৩৬	২১৪।১৯	২৩৮।২২	২৫৫।২৫	২৬৪।১৬
৫৫।৪১	৮৫।২৪	১১৮।৪৪	১৫৩।৩৩	১৮৬।৪৩	২১৬।৭	২৩৯।৪৪	২৫৬।১৩	২৬৪।৩৩
৫৭।৩২	৮৭।৩২	১২১।২	১৫৫।৫০	১৮৮।৪৯	২১৭।৫৩	২৪১।৩	২৫৭।০	২৬৪।৪৬
৫৯।২৩	৮৯।৪০	১২৩।২১	১৫৮।৭	১৯০।৫৪	২১৯।৩৭	২৪২।২১	২৫৭।৪৭	২৬৪।৫৯
৬১।১৪	৯১।৪৯	১২৫।৪১	১৬০।২৪	১৯২।৫৯	২২১।২১	২৪৩।৩৯	২৫৮।৩৪	২৬৫।১২
৬৩।৯	৯৪।০	১২৮।১	১৬২।৩৯	১৯৫।১	২২৩।১	২৪৪।৫২	২৫৯।১৫	২৬৫।১৮
৬৫।৫	৯৬।১২	১৩০।২১	১৬৪।৫৪	১৯৭।২	২২৪।৪০	২৪৬।৩	২৫৯।৫৪	২৬৫।২৩
৬৭।১	৯৮।২৪	১৩২।৪০	১৬৭।৯	১৯৯।৩	২২৬।১৯	২৪৭।১৪	২৬০।৩৩	২৬৫।২৭
৬৮।৫৭	১০০।৩৬	১৩৫।০	১৬৯।২৪	২০১।৩	২২৭।৫৭	২৪৮।২৫	২৬১।১১	২৬৫।৩১
১৫০	১৬৫	১৮০	১৯৫	২১০	২২৫	২৪০	২৫৫	২৭০

২৭১	২৮১	২৯১	৩০১	৩১১	৩২১	৩৩১	৩৪১	৩৫১
২৬৫।২৭	২৬৩।১০	২৫৭।০	২৪৭।১৮	২৩৪।৪	২১৭।৫২	১৯৯।৩	১৭৮।১১	১৫৫।৫০
২৬৫।২৩	২৬২।৪১	২৫৬।১৩	২৪৬।৩	২৩২।৩৫	২১৬।৭	১৯৭।২	১৭৬।০	১৫৩।৩৩
২৬৫।১৮	২৬২।১১	২৫৫।২৫	২৪৪।৫২	২৩১।৩	২১৪।১৯	১৯৫।১	১৭৩।৪৮	১৫১।১৬
২৬৫।১২	২৬১।৪১	২৫৪।৩০	২৪৩।৩৯	২২৯।৩০	২১২।২৮	১৯২।৫৯	১৭১।৩৬	১৪৮।৫৮
২৬৪।৫৯	২৬১।১১	২৫৩।৩৪	২৪২।২১	২২৭।৫৭	২১০।৩৭	১৯০।৫৬	১৬৯।২৪	১৪৬।৩৯
২৬৪।৪৬	২৬০।৩৩	২৫২।৩৬	২৪১।৩	২২৬।১৯	২০৮।৪৬	১৮৮।৪৯	১৬৭।৯	১৪৪।১৯
২৬৪।৩৩	২৫৯।৫৪	২৫১।৩৫	২৩৯।৪৪	২২৪।৪০	২০৬।৫১	১৮৬।৪৩	১৬৪।৫৪	১৪১।৫৯
২৬৪।১৬	২৫৯।১৫	২৫০।৩২	২৩৮।২২	২২৩।১	২০৪।৫৫	১৮৪।৩৬	১৬২।৩৯	১৩৯।৩৯
২৬৩।৫৪	২৫৮।৩৪	২৪৯।২৯	২৩৬।৫৭	২২১।২১	২০২।৫৯	১৮২।২৮	১৬০।২৪	১৩৭।২০
২৬৩।৩২	২৫৭।৪৭	২৪৮।২৫	২৩৫।৩১	২১৯।৩৭	২০১।৩	১৮০।২০	১৫৮।৭	১৩৫।০
২৮০	২৯০	৩০০	৩১০	৩২০	৩৩০	৩৪০	৩৫০	৩৬০

ইতি রবের্মান্দ্যাঃ কলাদ্যাঃ সমাপ্তাঃ।

অথ চন্দ্রস্য মান্দ্যাঃ খণ্ডাঃ কলাদ্যাঃ।

১	১৬	৩১	৪৬	৬১	৭৬	৯১	১০৬	১২১
২৯৭।৪০	২১৯।২	১৪৬।২১	৮৪।৫৪	৩৮।২	৯।১৬	০।২৪	১১।৫৯	৪৩।১৮
২৯২।২০	২১৩।৫৮	১৪২।২	৮১।১৮	৩৫।৩৩	৮।৫	০।৩৪	১৩।৩০	৪৬।৫
২৮৭।১	২০৮।৫৪	১৩৭।৩৪	৭৭।৪৩	৩৩।৬	৬।৫৫	০।৪৪	১৫।১	৪৮।৫২
২৮১।৪২	২০৩।৫২	১৩৩।৮	৭৪।১০	৩০।৪১	৫।৪৮	১।১	১৬।৩৭	৫১।৪৩
২৭৬।২৩	১৯৮।৫৫	১২৮।৫১	৭০।৩৯	২৮।৩০	৪।৫৬	১।৩১	১৮।২৭	৫৪।৩৭
২৭১।৫	১৯৩।৫৯	১২৪।৩৬	৬৭।২৮	২৬।১৯	৪।৪	২।১	২০।১৮	৫৭।৫১
২৬৫।৪৮	১৮৯।৩	১২০।১৭	৬৪।৭	২৪।৯	৩।১২	২।৩১	২২।৯	৬০।৫৫
২৬০।৩১	১৮৪।১০	১১৬।৬	৬০।৫৫	২২।৯	২।৩১	৩।১২	২৪।৯	৬৪।৭
২৫৫।১৬	১৭৯।২১	১১২।১	৫৭।৫১	২০।১৮	২।১	৪।৪	২৬।১৯	৬৭।২৮
২৫০।১	১৭৪।৩৩	১০৭।৫৭	৫৪।৩৭	১৮।২৭	১।৩১	৪।৫৬	২৮।৩০	৭০।৩৯
২৪৪।৪৭	১৬৯।৪৩	১০৩।৫৩	৫১।৪৩	১৬।৩৭	১।১	৫।৪৮	৩০।৪১	৭৪।১০
২৩৯।৩৫	১৬৫।০	১০০।০	৪৮।৫২	১৫।১	০।৪৪	৬।৫৫	৩৩।৬	৭৭।৪৩
২৩৪।২৩	১৬০।২০	৯৬।১০	৪৬।৫	১৩।৩০	০।৩৪	৮।৫	৩৫।৩৩	৮১।১৮
২২৯।১৪	১৫৫।৪০	৯২।২০	৪৩।১৮	১১।৫৯	০।২৪	৯।১৬	৩৮।২	৮৪।৫৪
২২৪।৬	১৫১।০	৮৮।৩০	৪০।৩১	১০।২৮	০।১৪	১০।২৮	৪০।৩১	৮৮।৩০
১৫	৩০	৪৫	৬০	৭৫	৯০	১০৫	১২০	১৩৫

১৩৩	১৪৯	১৬২	১৭৫	১৮৮	২০১	২১৪	২২৭	২৪০
৯২ । ২০	১৪৬ । ৩১	২০৮ । ৫৪	২৭৬ । ২৩	৩৪৫ । ২৯	৪১২ । ১	৪৭২ । ৫২	৫২৪ । ৪২	৫৬৫ । ২৯
৯৬ । ১০	১৫১ । ০	২১১ । ৫৮	২৮১ । ৪২	৩৫০ । ৪৪	৪১৬ । ৫৭	৪৭৭ । ৯	৫২৮ । ১৭	৫৬৭ । ৫৮
১০০ । ০	১৫৫ । ৪০	২১৯ । ২	২৮৭ । ১	৩৫৫ । ৫৯	৪২১ । ৫০	৪৮১ । ২৬	৫৩১ । ৫০	৫৭০ । ২৭
১০৩ । ৫৩	১৬০ । ২১	২২৪ । ৬	২৯২ । ২০	৩৬১ । ১৩	৪২৬ । ৩৯	৪৮৫ । ৪৩	৫৩৫ । ১১	৫৭২ । ৩৪
১০৭ । ৫৭	১৬৫ । ০	২২৯ । ১৪	২৯৭ । ৪০	৩৬৬ । ২৫	৪৩১ । ২৮	৪৮৯ । ৫৪	৫৩৮ । ৩২	৫৭৫ । ১৯
১১২ । ১	১৬৯ । ৪৩	২৩৪ । ২৪	৩০৩ । ০	৩৭১ । ৩৬	৪৩৬ । ১৭	৪৯৩ । ৫৯	৫৪১ । ৫৩	৫৭৭ । ৩০
১১৬ । ৬	১৭৪ । ৩২	২৩৯ । ৩৫	৩০৮ । ২০	৩৭৬ । ৪৬	৪৪১ । ০	৪৯৮ । ৩	৫৪৫ । ৫	৫৭৯ । ৪১
১২০ । ১৭	১৭৯ । ২১	২৪৪ । ৪৭	৩১৩ । ৪০	৩৮১ । ৫৪	৪৪৫ । ৪০	৫০২ । ৭	৫৪৮ । ৯	৫৮১ । ৫১
১২৪ । ৩৪	১৮৪ । ১০	২৫০ । ১	৩১৮ । ৫৯	৩৮৬ । ৫৮	৪৫০ । ২০	৫০৬ । ০	৫৫১ । ১৩	৫৮৩ । ৫১
১২৮ । ৫১	১৮৯ । ৩	২৫৫ । ১৬	৩২৪ । ১৮	৩৯২ । ২	৪৫৫ । ০	৫০৯ । ৫০	৫৫৪ । ১৭	৫৮৫ । ৪২
১৩৩ । ৮	১৯৩ । ৫৯	২৬০ । ৩১	৩২৯ । ৩৭	৩৯৭ । ৬	৪৫৯ । ২৯	৫১৩ । ৪০	৫৫৭ । ৮	৫৮৭ । ৩৩
১৩৭ । ৩৪	১৯৮ । ৫৫	২৬৫ । ৪৮	৩৩৪ । ৫৫	৪০২ । ৮	৪৬৩ । ৫৮	৫১৭ । ৩০	৫৫৯ । ৫৫	৫৮৯ । ২৩
১৪২ । ২	২০৩ । ৫২	২৭১ । ৫	৩৪০ । ১২	৪০৭ । ৫	৪৬৮ । ২৬	৫২১ । ৬	৫৬২ । ৪২	৫৯০ । ৫৯
১৪৮	১৬১	১৭৪	১৮৭	২০০	২১৩	২২৬	২৩৯	২৫২

২৫৩	২৬৫	২৭৭	২৮৯	৩০১	৩১৩	৩২৬	৩৩৭	৩৪৯
৫৯২ । ৩০	৬০৪ । ২৯	৬০৩ । ২৯	৫৮৯ । ২৩	৫৬২ । ৪২	৫২৪ । ৪২	৪৭৭ । ৯	৪২১ । ৫০	৩৬১ । ১৩
৫৯৪ । ১	৬০৪ । ৫৯	৬০২ । ৪৮	৫৮৭ । ৩৩	৫৫৯ । ৫৫	৫২১ । ৬	৪৭২ । ৫২	৪১৬ । ৫৭	৩৫৫ । ৫৯
৫৯৫ । ৩২	৬০৫ । ১৬	৬০১ । ৫৩	৫৮৫ । ৪২	৫৫৭ । ৮	৫১৭ । ৩০	৪৬৮ । ২৬	৪১২ । ১	৩৫০ । ৪৪
৫৯৬ । ৪৪	৬০৫ । ২৬	৬০১ । ৪	৫৮৩ । ৫২	৫৫৪ । ১৭	৫১৩ । ৪০	৪৬৩ । ৫৮	৪০৭ । ৫	৩৪৫ । ২৯
৫৯৭ । ৫৫	৬০৫ । ৩৬	৬০০ । ১২	৫৮১ । ৫১	৫৫১ । ১৩	৫০৯ । ৫০	৪৫৯ । ২৯	৪০২ । ৮	৩৪০ । ১২
৫৯৯ । ৫	৬০৫ । ৪৬	৫৯৯ । ৫	৫৭৯ । ৪১	৫৪৮ । ৯	৫০৬ । ০	৪৫৫ । ০	৩৯৭ । ৬	৩৩৪ । ৫৫
৬০০ । ১২	৬০৫ । ৩৬	৫৯৭ । ৫৫	৫৭৭ । ৩০	৫৪৫ । ৫	৫০২ । ৭	৪৫০ । ২০	৩৯২ । ২	৩২৯ । ৩৭
৬০১ । ৪	৬০৫ । ২৬	৫৯৬ । ৪৪	৫৭৫ । ১৯	৫৪১ । ৫৩	৪৯৮ । ৩	৪৪৫ । ৪০	৩৮৬ । ৫৮	৩২৪ । ১৮
৬০১ । ৫৩	৬০৫ । ১৬	৫৯৫ । ৩২	৫৭২ । ৩৪	৫৩৮ । ৩২	৪৯৩ । ৫৯	৪৪১ । ০	৩৮১ । ৫৪	৩১৮ । ৫৯
৬০২ । ৪৮	৬০৪ । ৫৯	৫৯৪ । ১	৫৭০ । ২৭	৫৩৫ । ১১	৪৮৯ । ৫৪	৪৩৬ । ১৭	৩৭৬ । ৪৬	৩১৩ । ৪০
৬০৩ । ২৯	৬০৪ । ২৯	৫৯২ । ৩০	৫৬৭ । ৫৮	৫৩১ । ৫০	৪৮৫ । ৪৩	৪৩১ । ২৮	৩৭১ । ৩৬	৩০৮ । ২০
৬০৩ । ৫৯	৬০৩ । ৫৯	৫৯০ । ৫৯	৫৬৫ । ২৯	৫২৮ । ১৭	৪৮১ । ২৬	৪২৬ । ৩৯	৩৬৬ । ২৫	৩০৩ । ০
২৬৪	২৭৬	২৮৮	৩০০	৩১২	৩২৪	৩৩৬	৩৪৮	৩৬০

ইতি চন্দ্রস্ফুটখণ্ডাঃ কলাদ্যাঃ সমাপ্তাঃ।

অথ মঙ্গলস্য শৈঘ্রফলা অংশাদ্যাঃ।

১	১৬	২৯	৪৪	৫৯	৭৪	৮৯	১০৪	১১৯
৪৭।৩৬	৪১।৪২	৩৬।৩৯	৩০।৫৭	২৫।২৬	২০।১৩	১৫।২৯	১১।২৭	৮।৩৪
৪৭।১৩	৪১।১৯	৩৬।১৬	৩০।৩৪	২৫।৪	১৯।৫৩	১৫।১১	১১।১২	৮।২৬
৪৬।৪৯	৪০।৫৫	৩৫।৫৩	৩০।১২	২৪।৪৩	১৯।৩৪	১৪।৫৪	১০।৫৮	৮।১৯
৪৬।২৫	৪০।৩২	৩৫।৩০	২৯।৫০	২৪।২২	১৯।১৫	১৪।৩৭	১০।৪৫	৮।১৩
৪৬।২	৪০।৯	৩৫।৭	২৯।২৮	২৪।১	১৮।৫৬	১৪।২০	১০।৩১	৮।৭
৪৫।৩৮	৩৯।৪৫	৩৪।৪৪	২৯।৫	২৩।৪০	১৮।৩৬	১৪।৩	১০।২১	৮।২
৪৫।১৪	৩৯।২২	৩৪।২১	২৮।৪৩	২৩।১৯	১৮।১৭	১৩।৪৭	১০।৮	৭।৫৭
৪৪।৫১	৩৮।৫৮	৩৩।৫৯	২৮।২১	২২।৫৮	১৭।৫৮	১৩।৩১	৯।৫৬	৭।৫৩
৪৪।২৮	৩৮।৩৫	৩৩।৩৬	২৭।৫৯	২২।৩৮	১৭।৩৯	১৩।১৪	৯।৪৪	৭।৫০
৪৪।৪	৩৮।১২	৩৩।১৩	২৭।৩৭	২২।১৭	১৭।২০	১২।৫৮	৯।৩৩	৭।৪৭
৪৩।৪০	৩৭।৪৯	৩২।৫০	২৭।১৫	২১।৫৬	১৭।১	১২।৪২	৯।২৩	৭।৪৬
৪৩।১৬	৩৭।২৫	৩২।২৭	২৬।৫৩	২১।৩৫	১৬।৪৩	১২।২৬	৯।১৩	৭।৪৪
৪২।৫২	৩৭।২ *	৩২।৫	২৬।৩২	২১।১৪	১৬।২৪	১২।১১	৯।৩	৭।৪৩
৪২।২৯	* মঙ্গলস্য	৩১।৪২	২৬।১০	২০।৫৩	১৬।৬	১১।৫৬	৮।৫৩	৭।৪৪
৪২।৬	স্থূলাংশাঃ।১৮	৩১।১৯	২৫।৪৮	২০।৩৩	১৫।৪৮	১১।৪১	৮।৪৩	৭।৪৫
১৫	২৮	৪৩	৫৮	৭৩	৮৮	১০৩	১১৮	১৩৩
১৩৪	১৪৯	১৬৪	১৭৯	১৯২	২০২	২১৭	২৩২	২৪৭
৭।৪৮	১১।৩	২২।২৫ *	৪৬।৭	৬৮।২৮	৭৯।২৮	৮৬।৫৫	৮৮।১৩	৮৬।২৭
৭।৫১	১১।২৯	২৩।৩৫	৪৮।০ *	৬৯।৫২	৮০।১৬	৮৭।৯	৮৮।১০	৮৬।১৬
৭।৫৭	১১।৫৮	২৪।৪৯	৪৯।৫৩	৭১।১১	৮১।১১	৮৭।২২	৮৮।৭	৮৬।৫
৮।৩	১২।৩০	২৬।৮	৫১।৪৫	৭২।২৫	৮১।৪১	৮৭।৩৩	৮৮।৩	৮৫।৫২
৮।১০	১৩।৩	২৭।৩২	৫৩।৩৬	৭৩।৩৫ *	৮২।১০	৮৭।৪২	৮৭।৫৮	৮৫।৩৯
৮।১৮	১৩।৪০	২৯।০	৫৫।২৫	৭৪।৪২	৮২।৫৭	৮৭।৫০	৮৭।৫৩	৮৫।২৭
৮।২৭	১৪।১৯	৩০।৩১	৫৭।১৩	৭৫।৪৬	৮৩।৩০	৮৭।৫৭	৮৭।৪৭	৮৫।১৪
৮।৩৮	১৫।০	৩২।৪	৫৮।৫৯	৭৬।৪৭ ‡	৮৪।২	৮৮।৩	৮৭।৪১	৮৫।২
৮।৫১	১৫।৪৪	৩৩।৪০	৬০।৪১	৭৭।৪৪	৮৪।৩১	৮৮।৯	৮৭।৩৪	৮৪।৪৮
৯।৫	১৬।৩২	৩৫।১৯	৬২।২০	৭৮।৩৬	৮৪।৫৭	৮৮।১২	৮৭।২৬	৮৪।৩৩
৯।২০	১৭।২২	৩৭।১	৬৩।৫৬	* শুক্রব	৮৫।২২	৮৮।১৫	৮৭।১৭	৮৪।১৯
৯।৩৭	১৮।১৬	৩৮।৪৭	৬৫।২৯	ক্রাংশাঃ১২৬	৮৫।৪৫	৮৮।১৬	৮৭।৭	৮৪।৪
৯।৫৫	১৯।১৩	৪০।৩৫	৬৭।০	‡ অথ মঙ্গ	৮৬।৫	৮৮।১৭	৮৬।৫৭	৮৩।৪৯
১০।১৫	২০।১৪	৪২।২৪	* চক্রার্দ্ধ	লকেন্দ্র দ্বি	৮৬।২৩	৮৮।১৬	৮৬।৪৭	৮৩।৩৪
১০।৩৮	২১।১৮	৪৪।১৩	পাতঃ।	তীয়সংস্কারাং শাঃ ১৯৯	৮৬।৪০	৮৮।১৫	৮৬।৩৭	৮৩।১৮
১৪৮	১৬৩	১৭৮	১৯১	২০১	২১৬	২৩১	২৪৬	২৬১

* অথ শুক্রস্য বক্রত্যাগাংশাঃ ১৬৪।

২৬২	২৭৪	২৮৬	২৯৮	৩১০	৩২২	৩৩৩	৩৪৫	৩৫৭
৮৩।২	৭৯।৩৬	৭৫।৫৭	৭১।৩৮	৬৭।১৭	৬২।৪৭	৫৮।৩৫	৫৩।৫৪	৪৯।১১
৮২।৪৬	৭৯।১৭	৭৫।২৭	৭১।১৭	৬৬।৫৫	৬২।২৪	৫৮।১১	৫৩।৩১	৪৮।৪৭
৮২।২৯	৭৮।৫৯	৭৫।৭	৭০।৫৬	৬৬।৩২	৬২।১	৫৭।৪৮	৫৩।৮	৪৮।২৪
৮২।১৩	৭৮।৪০	৭৪।৪০	৭০।৩৪	৬৬।১০	৬১।৩৯	৫৭।২৪	৫২।৪৪	৪৮।০
৮১।৫৭	৭৮।২১	৭৪।২৫	৭০।১২	৬৫।৪৮	৬১।১৬	৫৭।১	৫২।২০	চক্রার্দ্ধপাতঃ সম্পূর্ণাস্তিঃ ৩৬০
৮১।৪০	৭৮।২	৭৪।৪	৬৯।৫০	৬৫।২৬	৬০।৫৩	৫৬।৩৮	৫১।৫৬	
৮১।২৩	৭৭।৪৩	৭৩।৪৩	৬৯।২৮	৬৫।৩	৬০।৩০	৫৬।১৪	৫১।৩২	
